চার কোটি টাকা প্রতারণার শিকার হরভজন!

চার কোটি টাকা প্রতারণার শিকার হয়েছেন ভারতের সাবেক স্পিনার হরভজন সিং। এ ঘটনায় চেন্নাইয়ের এক ব্যবসায়ীর নামে অভিযোগ দায়ের করেছেন তিনি। খবর জিনিউজের।

প্রতিবেদনে বলা হয়েছে, আইপিএল থেকে নাম প্রত্যাহার করেছেন হরভজন। ব্যক্তিগত কারণেই এবার তিনি চেন্নাইয়ের হয়ে আইপিএলে খেলবেন না বলে জানা গেছে। এর মধ্যে প্রতারিত হলেন তিনি।

জি মহেশ নামের এক ব্যবসায়ীর সঙ্গে বন্ধু মারফত আলাপ হয়েছিল তার। এর পর ২০১৫ সালে সেই ব্যবসায়ীকে চার কোটি টাকা ধার দিয়েছিলেন ভারতের এই সাবেক স্পিনার।

গত পাঁচ বছর ধরে হরভজন একাধিকবার তাগাদা দিলেও সেই ব্যবসায়ী এক টাকাও পরিশোধ করেননি। এর পর গত মাসে ২৫ লাখ টাকার চেক হরভজনকে দেন সেই ব্যবসায়ী। কিন্তু সেই চেক বাউন্স করে। তার পরই জি মহেশের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেন তিনি।

এরই মধ্যে নীলঙ্কারাই-এর অ্যাসিস্ট্যান্ট পুলিশ কমিশনারের কাছে পিটিশনের কপি পৌঁছেছে। জি মহেশের নাম শমন জারি হয়েছে বলেও জানা যাচ্ছে।

সূত্র- বিডি প্রতিদিন

আইপিএলের প্রথম ম্যাচে মুখোমুখি হচ্ছে সিএসকে-

মুম্বাই

আইপিএলের প্রথম ম্যাচে সিএসকে’র সাথে প্রতিদ্বন্দ্বিতা করবেন মুম্বাই ইন্ডিয়ান্স। রবিবার আইপিএলের আইপিএলের গভর্নিং কাউন্সিল গণমাধ্যমকে এ ঘোষণা দেন। এরআগে আইপিএল’র চেয়ারম্যান ব্রিজেশ প্যাটেল আজ সূচি ঘোষণা করা হবে বলে ঘোষণা দেন।

আয়োজক কমিটি আপাতত গ্রুপ পর্বের ৩ নভেম্বর অবধি সূচি প্রকাশ করে। বাকি সূচি পরে জানানো হবে বলে জানিয়েছেন তারা। আবুধাবিতে সিএসকে বনাম মুম্বাই ইন্ডিয়ান্সের তারকা খচিত দ্বৈরথের মাধ্যমে টুর্নামেন্টের সূচনা হবে বলে জানান আয়োজনক কমিটি।

১৯ সেপ্টেম্বর শনিবার টুর্নামেন্টের উদ্বোধন আবু ধাবিতে হওয়ার পর রবিবার দুবাই প্রথম ম্যাচ দিল্লি ক্যাপিটালস ও কিংস ইলেভেন পাঞ্জাবের মধ্যে। সোমবার মুখোমুখি সানরাইজার্স হায়দরাবাদ এবং রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর। ২২ সেপ্টেম্বর মঙ্গলবার আইপিএলের ভেন্যু আবার বদলে যাচ্ছে আবুধাবিতে। রাজস্থান রয়্যালস মোকাবিলা করবে চেন্নাই সুপার কিংসের বিরুদ্ধে। কেকেআরের প্রথম ম্যাচ আবু ধাবিতে। প্রতিপক্ষ মুম্বই ইন্ডিয়ান্স।

সূচি অনুযায়ী ১০টি ডাবল হেডার রয়েছে। অর্থাৎ ১০ দিন দুটো করে ম্যাচ হবে। সেই ক্ষেত্রে প্রথম ম্যাচ শুরু হবে স্থানীয় সময় অনুযায়ী দুপুর ২টায় (ভারতীয় সময় দুপুর সাড়ে ৩টায়)। সন্ধ্যের ম্যাচ শুরু হচ্ছে ভারতীয় সময় অনুযায়ী সাড়ে ৭টায় (স্থানীয় সময় ৬টা)। সবমিলিয়ে দুবাইয়ে খেলা হবে ২৪টি ম্যাচ। আবুধাবিতে ম্যাচের সংখ্যা ২০টি। শারজা পাচ্ছে ১২টি ম্যাচ। প্লে অফ ও ফাইনাল খেলার ভেন্যু ও দিনক্ষণ পরে ঘোষণা করা হবে। সূত্র: দ্য ইন্ডিয়ান টাইমস।

যে কারণে ফাঁকা স্টেডিয়ামে

খেলে খুশি ওয়ার্নার

দক্ষিণ আফ্রিকার মাটিতে স্যান্ডপেপার গেট কান্ডের মতো কলঙ্কজনক অধ্যায় এখনও তার জীবনে দগদগে ঘায়ের মতো। ক্যারিয়ারে নির্বাসন নেমেতো এসেছিলই, কিন্তু তার চেয়েও বড় আঘাতের জায়গা ছিল নির্বাসন পরবর্তী অধ্যায়। যেখানেই গেছেন স্যান্ডপেপার গেট কান্ড একাধিকবার হুল হয়ে বিঁধেছে গ্যালারি থেকে। বিশেষ করে ইংল্যান্ডের মাটিতে।

২০১৯ বিশ্বকাপ হোক কিংবা অ্যাশেজ, ইংল্যান্ডের গ্যালারি বরাবরই প্রতিকূল ছিল ডেভিড ওয়ার্নার-স্টিভ স্মিথদের কাছে। কিন্তু করোনা আবহে ভিন্ন পরিমন্ডলে লকডাউনের পর অস্ট্রেলিয়া আন্তর্জাতিক ক্রিকেটে ফিরল ইংল্যান্ডের মাটিতেই। গ্যালারিতে দর্শক নেই। ব্যাটসম্যান ছক্কা হাঁকালে পাড়ার ক্রিকেটের মতো স্ট্যান্ডে উঠে বল খুঁজছেন বিপক্ষ ফিল্ডাররা। ক্রিকেটে ‘নিউ নর্ম্যাল’ এই ছবি ক্রিকেটারদের কাছে মোটেই সুখের নয়। পাশাপাশি স্টেডিয়ামে ম্যাচ দেখা থেকে বঞ্চিত অনুরাগীরাও।

এত নেতিবাচক বিষয়ের মাঝেও ইতিবাচক দিক খুঁজে পেয়েছেন ওয়ার্নার। সাউদাম্পটনে প্রথম টি-২০ ম্যাচের পর অজি ওপেনার জানালেন, এই প্রথম গ্যালারি থেকে কটুক্তি শুনতে হল না। অ্যাজিয়াস বোলে ম্যাচের পর শুক্রবার ওয়ার্নার বলেন, প্রথমবারের জন্য ইংল্যান্ডের মাটিতে খেলতে নেমে কোনওরকম গালিগালাজ শুনতে হল না আমায়। এটা ভীষণই ভালো।

যদিও দর্শকশূন্য স্টেডিয়ামে খেলার বিষয়টিকে ‘বিচিত্র’ আখ্যা দিয়েছেন ওয়ার্নার। তবে ৬ মাস পর আন্তর্জাতিক ক্রিকেটে ফিরতে পেরেছেন, এতেই খুশি সাবেক অজি সহ-অধিনায়ক।

যদিও দীর্ঘদিন পর আন্তর্জাতিক ক্রিকেটে ফেরার বিষয়টিকে হারের অজুহাত হিসেবে খাড়া করতে রাজি নন তিনি। উল্লেখ্য, তিন ম্যাচের টি-২০ সিরিজের প্রথম ম্যাচে শুক্রবার ইংল্যান্ডের কাছে ২ রানে পরাজিত হয়েছে অ্যারন ফিঞ্চের অস্ট্রেলিয়া। ইংল্যান্ডের ১৬২ রানের জবাবে ওয়ার্নার-ফিঞ্চের ৯৮ রানের ওপেনিং পার্টনারশিপেও জয় আসেনি অজিদের। ভালো শুরু করেও মিডল অর্ডারে ব্যাপকভাবে ধস নামায় লক্ষ্যমাত্রা থেকে সামান্য দূরেই থমকে যেতে হয় অস্ট্রেলিয়াকে।

উল্লেখ্য, গত শুক্রবার ম্যাচের অন্তিম ওভারে অজিদের জয়ের জন্য প্রয়োজন ছিল ১৫ রান। প্রথম বল ডটের পর টম কারেনের দ্বিতীয় বলে

ছক্কা হাঁকান স্টোইনিস। শেষ ৪ বলে অজিদের প্রয়োজন ছিল ৯ রান। কিন্তু ওভারে আর কোনও বাউন্ডারি হজম করেননি কারেন। বরং নার্ভ শিথিল রেখে ৪ বলে ৬ রানের বেশি তুলতে দেননি অজি অলরাউন্ডারকে।

সূত্র- বিডি-প্রতিদিন

উইলিয়ামসন জানালেন, ভয় আছে!

চেন্নাই সুপার কিংসের ১৩ জন সংক্রমিত হওয়ার পরে আইপিএলের সবদলের মধ্যেই আতঙ্ক ছড়িয়েছে। অনেক দলেই প্রশ্ন উঠেছে, বিদেশি ক্রিকেটারেরা খেলতে আসবেন তো?

সানরাইজার্স হায়দরাবাদের অন্যতম ভরসা কেন উইলিয়ামসন গতকাল বুধবার (২ সেপ্টেম্বর জানিয়েছেন, তিনি দুবাই আসছেন। বৃহস্পতিবারই রওনা দিচ্ছেন নিউজ়িল্যান্ড অধিনায়ক। কিন্তু তিনিও চিন্তিত চেন্নাই শিবিরে সংক্রমণ ছড়ানো নিয়ে।

নিউজ়িল্যান্ডের এক রেডিও চ্যানেলে সাক্ষাৎকারে উইলিয়ামসন আশঙ্কা প্রকাশ করেছেন এবারের দুবাই যাত্রা নিয়ে। তিনি জানিয়েছেন, অতিরিক্ত সতর্কতা মেনেই এবার তিনি সানরাইজার্স শিবিরে যোগ দেবেন।

উইলিয়ামসন বলেন, চেন্নাই শিবিরে সংক্রমণের খবর পেয়েছি। সত্যি খুব ভয় আর উদ্বেগজনক বিষয়। সংক্রমণ ধরা পড়েছে, এ খবর কেউ শুনতে চায় না। আশা করি, এক সপ্তাহের মধ্যেই সুস্থ হয়ে যাবে সবাই।

সূত্র- বিডি-প্রতিদিন

বাবরকে ‘দলছুট গরু’ বললেন শোয়েব আখতার

ইংল্যান্ডের বিপক্ষে দ্বিতীয় টি-টোয়েন্টিতে বাবরের অধিনায়কত্বে বিরক্ত হয়ে ক্ষোভ ঝেড়েছেন ‘রাওয়ালপিন্ডি এক্সপ্রেস’শোয়েব আখতার।

ইংল্যান্ডের বিপক্ষে সিরিজের দ্বিতীয় টি-টোয়েন্টিতে ১৯৪ রানের পুঁজি নিয়েও জিততে পারেনি পাকিস্তান। ম্যাচটিতে পাকিস্তান অধিনায়ক বাবর আজমের অধিনায়কত্বের ভুল দেখছেন শোয়েব আখতার। বাবরের অধিনায়কত্ব স্কিল নিয়েই প্রশ্ন তুলেছেন শোয়েব।

ম্যাচের পর নিজের ইউটিউব চ্যানেলে শোয়েব দুই দলের নানা দিক বিশ্লেষণ করেছেন। শোয়েবের চোখে বাবরকে মনে হয়েছে ‘হারিয়ে যাওয়া গরু’র মতো। যে কিনা কি করতে হবে, তা বুঝে পায় না।
শোয়েব আখতার বলেন, আমার কাছে বাবর আজমকে দলছুট গরু বলে মনে হচ্ছে। সে মাঠে আছে, কিন্তু জানে না কী করতে হবে।’

তিনি আরও বলেন, বাবরের উচিৎ নিজেই সিদ্ধান্ত নেওয়া যা তাকে আগামী দিনগুলোতে ভালো অধিনায়কে পরিণত করবে। তার বোঝা উচিৎ, এখন যেরকম সুযোগ পাচ্ছে এরকম সে আজীবন পাবে না। তাকে তাই সুযোগ কাজে লাগাতে হবে।’

শুধু বাবরই নন, পুরো দলই শোয়েবের সমালোচনার শিকার হয়েছেন। শোয়েব বলেছেন, ‘পাকিস্তানি খেলোয়াড়রা এখন জৈব অরক্ষিত এলাকায় খেলছে, এখানে খেলোয়াড়রা নিরাপদ নয়। তারা ভাবছেই না তারা ভালো খেলোয়াড়, ভালো অধিনায়ক হবে কি না। সংশয়ে ভরা দল বাছাই, দ্বিধান্বিত ম্যানেজমেন্ট, সংশয়ে থাকা অধিনায়ক, দ্বিধান্বিত দল-সবকিছুতেই শুধু দ্বিধা আর সংশয়। এভাবে দল সাজানো হয় না। একটা পরিকল্পনা ধরে আগানো উচিৎ।’

বাবরকে বলা হয় বর্তমান সময়ে পাকিস্তানের সবচেয়ে প্রতিভাবান ব্যাটসম্যান। খুব বেশি দিন হয়নি তিনি ওয়ানডে ও টি-টোয়েন্টি ফরম্যাটে নেতৃত্বের দায়িত্ব পেয়েছেন।

সিরিজে ১-০তে এগিয়ে রয়েছে ইংল্যান্ড। আজ তৃতীয় ও শেষ ম্যাচে মুখোমুখি হবে দুই দল। বৃষ্টির কারণে প্রথম ম্যাচটি পরিত্যক্ত

হয়েছিল।

সূত্র- বিডি-প্রতিদিন

অ্যান্ডারসনকে সর্বকালের সেরা মানতে নারাজ বয়কট

৬০০ উইকেট পাওয়া জিমি অ্যান্ডারসনকে সর্বকালের সেরা ইংলিশ পেস বোলার হিসেবে চিহ্নিত করতে নারাজ জিওফ্রে বয়কট। সাবেক এই ইংলিশ ওপেনার জানালেন, তার ভোট পাবেন সিডনি বার্নস।

প্রথম কোনও পেস বোলার হিসেবে টেস্টে ৬০০ উইকেট ক্লাবের সদস্য অ্যান্ডারসন যেভাবে নিজেকে মেলে ধরেছেন, তার প্রশংসা করে বয়কট বললেন, ইংলিশ কন্ডিশনে জিমি বিপজ্জনক বোলার। রাত ২টার সময়ও ঘুম ভাঙিয়ে ওর হাতে বল তুলে দেওয়া হলে ও অফ স্টাম্প লক্ষ করে যে ডেলিভারিটা করবে, তা হঠাৎ লিফট করবে এবং বাঁক নিয়ে বাইরে বেরিয়ে যাবে। তবে ইংল্যান্ডের বাইরে কিন্তু ততটা সফল নয়। তবু ৬০০ উইকেট ঝুলিতে, এটা অনেক বড় সাফল্য।’

তবু তিনি অ্যান্ডারসনকে সর্বকালের সেরা ইংলিশ বোলার হিসেবে মানাতে রাজি নন জিওফ্রে বয়কট। তিনি বলেন, সিডনি বার্নস পাবে আমার ভোট। ২৭ টেস্টে ১৮৯ উইকেট পেয়েছিলেন। খুব বড় চেহারা, বিশাল হাতের তালু। টেস্ট পিছু ৭ উইকেট পাওয়া সহজ ব্যাপার নয়। এমনকি স্যার ডোনাল্ড ব্র্যাডম্যানও গত শতাব্দীর শ্রেষ্ঠ ৬ জন ক্রিকেটারের তালিকায় বার্নসকে রেখেছিলেন। ইয়র্কশায়াররত্ন ফ্রেডি ট্রুম্যানের নামও কিন্তু বলতে পারতাম। প্রথম জোরে বোলার হিসেবে ৩০০ টেস্ট উইকেট পেয়েছিল। তাই ৭০০ উইকেট পেলেও জিমিকে সেরা ইংলিশ জোরে বোলারের সার্টিফিকেট দিতে পারছি না।‌

ইয়র্কশায়ারের এই ক্রিকেট অধ্যাপক একই সঙ্গে কয়েকটি পরিসংখ্যান তুলে ধরলেন। যেমন- জিমি খেলেছে ১৫৬ টেস্ট। ওর হাত থেকে বেরিয়েছে ৩৩,৭১৭টি টেস্ট ডেলিভারি। অন্য কোনও পেস বোলার এত টেস্ট খেলেনি এবং এত বেশি ডেলিভারিও করেনি। সবচেয়ে ভাল লেগেছে ৭০০ উইকেট

নেওয়ার ইচ্ছে প্রকাশ করাটা। এখন ওর বয়স ৩৮। আরও ১০০ উইকেট পাওয়ার জন্য অন্তত ২০টা টেস্ট খেলতে হবে। অন্তত ২ বছর। তখন ওর বয়স হবে
৪০। সহজ ব্যাপার নয়। তবু জিমি পৌঁছাতে চাইছে, এইটা খুব জরুরি।’

সূত্র- বিডি-প্রতিদিন

সিপিএলে ৪৮ বছর বয়সী তাম্বের ইতিহাস

৪৮ বছর বয়সে আক্ষরিক অর্থেই ইতিহাস গড়লেন প্রবীণ তাম্বে। প্রথম ভারতীয় ক্রিকেটার হিসেবে ক্যারিবিয়ান প্রিমিয়র লিগে মাঠে নামলেন তিনি। শুধু সিপিএলেই নয়, প্রথমসারির কোনও বিদেশি টি-২০ লিগে তাম্বের আগে আর কোনও ভারতীয় ক্রিকেটার খেলতে নামেননি। তাম্বেই প্রথম ও একমাত্র ক্রিকেটার যাঁকে সিপিএলের জন্য ছাড়পত্র দেয় বিসিসিআই।

নিজের অভিষেক ম্যাচের প্রথম ওভারেই উইকেট তুলে নেন তাম্বে। নাজিবুল্লাহ জাদরানকে আউট করেন তিনি। যদিও বৃষ্টিবিঘ্নিত ম্যাচে ১ ওভারই বল করার সুযোগ পান ভারতীয় স্পিনার। যাতে তিনি খরচ করেন ১৫ রান। তাম্বের নজির গড়ার দিনে নাইট রাইডার্স চলতি ক্যারিবিয়ান লিগে একটানা চতুর্থ জয় তুলে নেয়। ডাকওয়ার্থ-লুইস নিয়মে তারা সেন্ট লুসিয়াকে ৬ উইকেটে পরাজিত করে। যদিও নাইটদের হয়ে এই ম্যাচে মাঠে নামেননি সুনীল নারিন।

টস হেরে প্রথমে ব্যাট করতে নেমে সেন্ট লুসিয়া ১৭.১ ওভারে ৬ উইকেটের বিনিময়ে ১১১ রান তুললে বৃষ্টিতে ম্যাচ বন্ধ হয়ে যায়। পুনরায় খেলা শুরু হলে সেন্ট লুসিয়া আর তার পর থেকে ব্যাট করতে নামেনি। বরং পালটা ব্যাট করতে নামে টিকেআর। সেন্ট লুসিয়ার হয়ে ৩০ রানে অপরাজিত থাকেন মহম্মদ নবি।

নাইটদের সামনে জয়ের জন্য ৯ ওভারে ৭২ রানের লক্ষ্যমাত্রা স্থির হয়। ৮ ওভারে ৪ উইকেট হারিয়েই জয়ের লক্ষ্যে পৌঁছে যায় ত্রিনবাগো নাইট রাইডার্স। ২৩ রানে অপরাজিত থাকেন ড্যারেন ব্র্যাভো। জোড়া

উইকেট নিয়ে টি-২০ ক্রিকেটে ৫০০ উইকেটের মাইলস্টোন টপকে যাওয়া ডোয়েন ব্র্যাভো ম্যাচের সেরা হন।

সংক্ষিপ্ত স্কোর: সেন্ট লুসিয়া: ১১১/৬ (১৭.১ ওভার), নাইট রাইডার্স: ৭২/৪ (৮ ওভার), টার্গেট ছিল ৯ ওভারে ৭২ রান। (নাইট রাইডার্স ৬ উইকেটে জয়ী)। সূত্র: হিন্দুস্তান টাইমস।

অনিশ্চয়তা কাটল গেইলের

বিশ্বজুড়ে তাণ্ডব চালাচ্ছে করোনাভাইরাস। প্রতিদিনই আক্রান্ত ও মৃতের সংখ্যা বাড়ছে। আর এই করোনা উদ্বেগের মাঝেই জন্মদিনের এলাহি পার্টি! যেখানে ছিল না কোনও সামাজিক দূরত্বের বিধি নিষেধ। আর তারপরেই প্রাণঘাতী ভাইরাসে আক্রান্ত হন জামাইকান স্প্রিন্টার উসেইন বোল্ট। গত শুক্রবার মাস্ক ছাড়া ৩৪তম জন্মদিনের পার্টি উদযাপনের পর জ্যামাইকান এ দৌড়বিদের করোনা পজিটিভ ধরা পড়ে।

সেই জন্মদিনে উপস্থিত ছিলেন আরেক জ্যামাইকান তারকা ক্রিস গেইল। দুইজনের জন্মদিনে নাচের ভিডিও এরই মধ্যে ভাইরাল হয়েছে। বোল্টের করোনা পজিটিভের খবরে বেশ চিন্তায় ছিলেন গেইল। কিছুদিন পরই শুরু হবে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল)। এর আগে করোনায় পজিটিভ হলে আইপিএলে অংশগ্রহণ অনিশ্চিত হয়ে যেত।

তবে টি-টোয়েন্টি ক্রিকেটে সর্বোচ্চ রান করা এ ব্যাটসম্যান ভক্তদের সুখবর দিয়েছেন। দুইবার করোনা টেস্ট করিয়েছেন। দুইবারই করোনা টেস্টের ফল নেগেটিভ এসেছে। এখন নিশ্চিন্তে আইপিএলে যোগ দিতে পারছেন গেইল।

শিগগিরই সংযুক্ত আরব আমিরাতে পৌঁছবেন মারকুটে ব্যাটসম্যান। বিমানবন্দরে করোনা পরীক্ষার পর ছয়দিন কোয়ারেন্টাইনে থাকতে হবে তাকে। পরবর্তীতে পাঁচদিনে তিনবার করোনা পরীক্ষা হবে। প্রত্যেকবার করোনা টেস্টে নেগেটিভ আসলেই কিংস ইলাভেন পাঞ্জাবের স্কোয়াডে যোগ দিতে পারবেন গেইল।

সূত্র- বিডি প্রতিদিন

সংসার চালাতে এখন সবজি বিক্রি করেন বিশ্বকাপজয়ী ভারতীয় ক্রিকেটার

করোনা প্রত্যেকের জীবন থেকেই কিছু না কিছু কেড়ে নিয়েছে। এবার করোনা আবহে সংবাদ শিরোনামে দৃষ্টিহীন ক্রিকেটারের জীনব সংগ্রামের গল্প।

কোভিড সংকটের সময়ে পাঁচ জনের সংসার চালাতে ভারতের আমেদাবাদের জামালপুর মার্কেটে বসে সবজি বিক্রি করছেন ভারতের হয়ে বিশ্বকাপজয়ী ক্রিকেটার।

দুইবছর আগে দৃষ্টিহীন বিশ্বকাপের ফাইনাল খেলেছিলেন তিনি। মেগা ফাইনালে ৪০ ওভারে ৩০৮ রানের বিশাল লক্ষ্যমাত্রা তাড়া করে চিরপ্রতিদ্বন্দ্বী পাকিস্তানকে হারিয়ে ম্যাচ জিতেছিল ভারত। সেই দলেই নীল জার্সিতে খেলেছিলেন নরেশ তুম্বার। ভারতের হয়ে জয়ে বড় ভূমিকা নিয়েছিলেন তুম্বার। দেশে ফেরার পর আমেদাবাদের এই দৃষ্টিহীন ক্রিকেটারকে একাধিক অনুষ্ঠানে সংবর্ধনা জানানো হয়েছিল।

দেশের জার্সিতে বিশ্বকাপ জিতলেও দৃষ্টিহীন ক্রিকেটারের আর্থিক পরিস্থিতি কিন্তু কোনওভাবেই পাল্টায়নি। সেই কারণে বিশ্বকাপ জেতা ক্রিকেটারকে এখন আমেদাবাদের জামালপুর বাজারে বসে সবজি বিক্রি করতে হচ্ছে।

মহামারীর সময়ে প্রবল অর্থাভাবের কারণেই সবজি বিক্রির পথ বেছে নিয়েছেন বলে বিশ্বকাপ জয়ী ক্রিকেটার জানিয়েছেন। ২৯ বছর বয়সি নরেশের গলায় এই নিয়ে আক্ষেপের সুর।

বিশ্বকাপ জিতলেও কোনও চাকরি পাননি বলে তিনি অভিযোগ করেছেন। সঙ্গে তার আরও আক্ষেপ মহেন্দ্র সিং ধোনিরা বিশ্বকাপ জিতলে কেন্দ্র ও রাজ্য সরকার আর্থিক পুরস্কার দেয়, কিন্তু দৃষ্টিহীন ক্রিকেটারদের জন্য কিছুই করা হয়নি। করোনাকালে বাঁচার জন্য লড়তে

অন্তত একটা চাকরি চাইছেন বিশ্বকাপজয়ী এই ক্রিকেটার। সূত্র: ওয়ানইন্ডিয়া, মাইখেল

সূত্র- বিডি প্রতিদিন

পাকিস্তানের টি-টোয়েন্টি দল ঘোষণা, ফিরলেন সরফরাজ

পাকিস্তান টি-টোয়েন্টি দলে আবারও জায়গা করে নিলেন সরফরাজ আহমেদ। গত বছর পাকিস্তান দলে নিজের নেতৃত্ব হারানোর পর প্রথমবার টি-টোয়েন্টি দলে সুযোগ পেলেন তিনি। অন্যদিকে, ইংল্যান্ডের বিপক্ষে ঘোষিত ১৭ সদস্যের এই দলে নিজেদের জায়গা ধরে রেখেছেন মোহাম্মদ হাফিজ ও শোয়েব মালিক।

অভিজ্ঞ এই অলরাউন্ডারদের গত জানুয়ারিতে দেশের মাটিতে বাংলাদেশের বিপক্ষে তিন ম্যাচ টি-টোয়েন্টি সিরিজে ডাকা হয়েছিল।

ইংলিশদের বিপক্ষে চলমান টেস্ট সিরিজের দলের বাইরে থেকে এই দলে নেওয়া হয়েছে হায়দার আলী, হারিস রউফ ও ওহাব রিয়াজকে। দলে ফিরলেন ওপেনার ফখর জামান। তবে ঘরোয়া লিগ পিএসএলে বাবর আজম ও শাদাব খানের পর তৃতীয় সর্বোচ্চ রান সংগ্রহকারী শান মাসুদ বাদ পড়েছেন।

সিরিজের তিনটি ম্যাচই ওল্ড ট্রাফোর্ডে অনুষ্ঠিত হবে। যেখানে ২৮ আগস্ট প্রথম টি-টোয়েন্টি মাঠে গড়াবে।

পাকিস্তান টি-টোয়েন্টির দল:
বাবর আজম (অধিনায়ক), ফখর জামান, হায়দার আলি, হারিস রউফ, ইফতিখার আহমেদ, ইমাদ ওয়াসিম, খুশদিল শাহ, মোহাম্মদ হাফিজ, মোহাম্মদ হাসনাইন, মোহাম্মদ রিজওয়ান, মোহাম্মদ আমির, নাসিম শাহ, সরফরাজ আহমেদ, শাদাব খান, শাহিন শাহ আফ্রিদি, শোয়েব মালিক ও ওয়াহাব রিয়াজ।

সূত্র- বিডি প্রতিদিন